4062 I - 4487

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

RS Plot NO. 435

रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL H 231890

117 000 / 1000

Certified that the Endorsement Sheet's and the Signature Sheet's attached to this documents are part of the Document,

fes - 1315
a/c - 6030
cf - 101
CYC - 1501

District Sub-Registrar-I BURDWAN

12 SEP 2013

-ঃ সাফ বিক্রয় কোবালাঃ-

থানা - দুর্গাপুর, মৌজা - গোপালমাঠ

শ্রেনী বাইদ

কোবালা গ্রহীতা ঃ "টাইমস্ বানিজ্য প্রাইভেট লিমিটেড", ১৯৫৬ সালের কোম্পানী আইন অনুসারে রেজিষ্ট্রীকৃত যাহার রেজিষ্ট্রার্ড অফিস ২ নং যোগেন্দ্র কবিরাজ রো, থার্ড ফ্লোর, কলিকাতা - ৭০০০০৭-ইহার অথোরাইজড সিগনেটরী এণ্ড ডাইরেক্টর

Scanned with CamScanner

No. 959 Date 10/9/2013 Rs. 1100.00

Name Nitai Ch. Saha, Adv.

Address Alipore Judge's Court Kol-27.

VENDOR : MAMATAJ UDDIN GAZI
ALIPORE JUDGES COURT
KOLKATA-700027

Signature of Vendor

Seal of the Dist. Sub-Registrar of ...

District Sub-Registrar-I
BURDWAN

12 SEP 2013

Palan Mitra
S/o Rabi deb Mitra
Gopal math
P/O Sufrapalot
Dist - Bardhaman
Business.

- মিঃ সন্দিপ সাহু পিতা- শ্রী গোপাল প্রসাদ সাহু, সাং - সুশীলা নিকেতন, রেডিয়াম রোড, রাঁচী, ৮৩৪০০১, ঝাড়খণ্ড, পি.এ.এন. নং এ. এ. ডি. সি. টি ১৫০০এ।

<u>কোবালা দাতা</u> ঃ শ্রী পিন্টু মিদ্যা, পিতা - স্বর্গীয় স্বপন মিদ্যা, জাতি - হিন্দু, পেশা - চাকুরী, সাকিন- গোপালমাঠ, সুজাড়াপ্লট, পোঃ দুর্গাপুর, থানা - দুর্গাপুর- ১৭, জেলা -বর্ধমান, জাতিয়তায় ভারতীয়, পি.এ.এন. নং-এ-কিউ-ভি-পি-এম-৭০০৮-আর

কস্য রায়ত স্থিতিবান স্বত্বের শ্রেনী বাইদ জমি জমা মায় দরবস্তু যাবতীয় হক হকুক সমেত নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা - বর্ধমান, থানা ও মহকুমা দুর্গাপুর, এ্যাডিশন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস দুর্গাপুর, মৌজা - গোপালমাঠ, জে. এল. নং ৫৪, মালিক পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে জেলা কালেক্টর বাহাদুর বর্ধমান অধিনস্থ রায়ত স্থিতিবান স্বত্বের খতিয়ান নং ১-১৬ এর অন্তর্গত আর. এস. দাগ নং ৪৩৫ (চার শত পঁয়ত্রিশ) এবং এল. আর. ৪৩২ (চার শত বত্রিশ) দাগে মোট ৪২ (বিয়াল্লিশ) শতক বাইদ জমির মধ্যে ২১ (একুশ) শতক বাইদ জমির তন্মধ্যে ১.১৭ এক দশমিক সতেরো শতক বাইদ জমি ও অন্যান্য সম্পত্তির তদান্তিন মালিক ছিলেন গোপালমাঠ নিবাসি রবিদেব মিদ্যা (অধুনা মৃত)।

Scanned with CamScanner

Seal of the Dist. Sub-Registrar

District Sub-Registrar-I
BURDWAN

12 SEP 2013

Scanned with CamScanner

এখানে প্রকাশ থাকে যে, উক্ত রবিদেব মিদ্যা অধুনা মৃত তাঁহার জীবদ্দশায় তিনি কোন হস্তান্তরযোগ্য দলিলাদি বা উইলাদি না করিয়া তাঁহার চার পুত্র যথাক্রমে (১) শ্রী তপন মিদ্যা (২) শ্রী পবন মিদ্যা, (৩) শ্রী অলক মিদ্যা এবং (৪) স্বপন মিদ্যা (অধুনা মৃত) এবং দুই কন্যা যথাক্রমে (১) শ্রীমতী পূর্ণিমা মন্ডল, (২) শ্রীমতী শেফালি মন্ডল মহাশয় ও মহাশয়াগণকে তাঁহার একমাত্র ওয়ারিশ রাখিয়া তিনি পরলোক গমন করেন এবং পরবর্তীকালে উক্ত ওয়ারিশানগণ হিন্দু উত্তরাধিকারী আইন অনুসারে উক্ত নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত সম্পত্তির যৌথ মালিক হইয়া নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান হইয়া অন্যের নিরাংশে খাসে চাষ আবাদের মাধ্যমে ভোগ দখল করিতে থাকাকালীন তাহারা নিজেদের মধ্যে মৌখিক বন্টননামার মাধ্যমে উক্ত ও নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত সম্পত্তি তুল্যাংশে ভাগ বাটোয়ারা করিয়া লয়েন এবং প্রত্যেকে উক্ত সম্পত্তি ১/৬ অংশ করিয়া অর্থাৎ ৩১/২ (তিন পূর্ণ একের দুই) শতক সম্পত্তি প্রাপ্ত হন।

এখানে প্রকাশ থাকে যে, উক্ত স্বপন মিদ্যা অধুনা মৃত তিনি পৈত্রিক ওয়ারিশান সূত্রে উক্ত সম্পত্তি হইতে ১/৬ অংশে অর্থাৎ ৩১/২ (তিন পূর্ণ একের দুই) শতক বাইদ জমি প্রাপ্ত হয়েন।

এখানে আরো প্রকাশ থাকে যে উক্ত স্বপন মিদ্যা অধুনা মৃত তাঁহার জীবদ্দশায় তিনি কোন হস্তান্তরযোগ্য দলিলাদি বা উইলাদি না করিয়া তাহার পত্নী শ্রীমত্যা সান্ত্বনা মিদ্যা ও দুই পুত্র যথাক্রমে (১) শ্রী পিপুল মিদ্যা, এবং (২) শ্রী পিন্টু মিদ্যাকে তাঁহার একমাত্র ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করেন

Scanned with CamScanner

এবং পরবর্তীকালে উক্ত ওয়ারিশানগণ হিন্দু উত্তরাধিকার আইন অনুসারে উক্ত স্বপন মিদ্যার পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত ত্যক্ত ৩১/২ (তিন পূর্ণ একের দুই) শতক বাইদ সম্পত্তির যৌথ মালিক হইয়া নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান হইয়া অন্যের নিরাংশে খাসে চাষ আবাদ এর মাধ্যমে ভোগ দখল করিতে থাকাকালীন তাঁহারা নিজেদের মধ্যে উক্ত ৩১/২ (তিন পূর্ণ একের দুই) শতক বাইদ জমি মৌখিক আপোষ বন্টননামার মাধ্যমে তুল্যাংশে ভাগ বাটোয়ারা করিয়া লয়েন এবং উক্ত বন্টননামার মাধ্যমে আমি অত্র কোবালা দাতা ১.১৭ (এক দশমিক সতের) শতক প্রাপ্ত হয়েন।

এখানে আরো প্রকাশ থাকে যে, আমি অত্র কোবালা দাতা পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত ১.১৭ (এক দশমিক সতের) শতক জমির মালিক হইয়া নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান হইয়া অন্যের নিরাংশে খাসে চাষ আবাদের মাধ্যমে অদ্যাবধি ভোগ দখল করিয়া আসিতেছি এবং আমার উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে হস্তান্তরযোগ্য উত্তম ও অপরাজেয় বৈধ স্বত্ব বর্তমান আছে।

বর্তমানে আমি অত্র কোবালা দাতা আরো উন্নত মানের কৃষি জমি খরিদ করিবার মানসে এবং আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার পৈতৃক ও স্বামীর ওয়ারিশান সূত্রে প্রাপ্ত স্বত্ব দখলীয় উক্ত ও নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত বাইদ জমি মং - ৮৭,৮৮০ ( সাতাশি হাজার আট শত আশি) টাকায় বিক্রয়ের সহরৎ করিলে আপনি অত্র কোবালা দলিলের কোবালা গ্রহীতা তাহা অবগত হইয়া সম্পত্তি দেখিয়া, বাজার যাচাই করিয়া বাজার সর্ব্বোচ্চ উক্ত নির্দ্ধারিত মূল্যে খরিদ করিতে রাজী হইয়া আমার

Scanned with CamScanner

নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি অত্র কোবালা দলিলের দাতা উক্ত প্রস্তাবে ও প্রস্তাবিত মূল্যে রাজী হইয়া পণের সর্ব সাকুল্য ৮৭,৮৮০্ ( সাতাশি হাজার আট শত আশি) টাকা নগদে বুঝিয়া পাইয়া এবং গ্রহন করিয়া নিম্ন সাক্ষীগণের সম্মুখে অত্র কোবালা গ্রহীতার নাম বরাবর অত্র কোবালা দলিল যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রচার ও প্রকাশ করিতেছি যেঃ-

উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত জমি জমাতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল অধিকার হক হকুক বিদ্যমান ছিল বা আছে তৎসমুদয় আমা হইতে লোপ ও রহিত হইয়া আপনার খরিদা স্বত্বে বর্ত্তিল ও অর্পিল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া জেলা কালেকটারী বর্ধমান, দুর্গাপুর ও স্থানীয় বি. এল. এন্ড এল. আর. অফিসে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্বপ্রকার হস্তান্তর ও রূপান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদিচ্ছাভাবে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিনকালে কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না, করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

Scanned with CamScanner

অত্র বিক্রিত জমিজমা যাহা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত বা তাহার কোন অংশ আমি ইতিপূর্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি চার্জ সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে আমি ব্যতীত আমার অপর কোন শরিক, দাবীদার বা অংশীদার নাই বা উহাতে কোন মামলা মোকর্দ্দমা দায়ের বা চলতি নাই বা উহা দেবোত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে বা উহা ইতিপূর্বে বিক্রয়ের নিমিত্ত অপর কাহারও সহিত লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ নাই বা উহা ল্যাণ্ড এ্যাকুইজিশান বা কোন পাবলিক বডি কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান নহে বা উহাতে কোন ভাগচাষী বা বর্গাদার নাই উহাতে কোন লিয়েন চার্জ নাই, উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি আপনার অনুকূলে খোলসা খাস দখল পরিত্যাগ করিলাম।

যদি ভবিষ্যতে অত্র কোবালা দলিলে কোনপ্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তজ্জন্য যে কোনপ্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারী দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিবার প্রয়োজন হইলে তাহাও আমি বিনা পনে ও বেওজরে অত্র কোবালা গ্রহিতা আপনার খরচায় আপনার তলবমত আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিতে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম।

Scanned with CamScanner

যদি ভবিষ্যতে আমাদের উপরোক্ত উক্তি মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পাইলে মাফিক আইন আমলে আসিব অধিকন্তু আমাদের প্রকাশিত ও স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনার খরিদা স্বত্বের বা স্বার্থের হানি বা বিঘ্ন ঘটিলে পনের সমুদয় টাকা মায় যাবতীয় খরচ ও ক্ষতিপূরণ সহ আপনাকে এককালিন ফেরত দিতে আমি মায় আমার ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া মায় অত্র দলিলের যাবতীয় শর্তে বাধ্য থাকিয়া পনের সমুদয় মং ৮৭,৮৮০ (সাতাশি হাজার আট শত আশি) টাকা নগদে আপনার নিকট হইতে নিম্ন জায়মত এককালিন নিম্ন লিখিত সাক্ষীগনের সম্মুখে গ্রহণ করিয়া অত্র সাফ বিক্রয়ের কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম।

ইতি বাংলা সন ১৪২০ সালের ২৬শে ভাদ্র

মোতাবেক ইংরজী সন ২০১৩ সালের ১২ই সেপ্টেম্বর।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ও তাহার চৌহদ্দি

জেলা - বর্ধমান, থানা - দুর্গাপুর, মহকুমা - দুর্গাপুর, এ্যাডিশন্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস দুর্গাপুর, মৌজা - গোপালমাঠ, জে. এল. নং ৫৪, মালিক পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে জেলা কালেক্টর বাহাদুর বর্ধমান অধিনস্থ রায়ত স্থিতিবান স্বত্বের খতিয়ান নং ১৯৬ এর অন্তর্গত আর. এস. দাগ নং ৪৩৫ (চার শত পঁয়ত্রিশ) এবং এল. আর. ৪৩২ (চার শত বত্রিশ) দাগে মোট ৪২ (বিয়াল্লিশ) শতক বাইদ

Scanned with CamScanner

জমির মধ্যে ২১ (একুশ) শতক বাইদ জমির তন্মধ্যে ১.১৭ (এক দশমিক সতের) শতক বাইদ জমিজমা মায় যাবতীয় ইজমেন্ট রাইট সহ যাবতীয় স্বত্বাদি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার কাত বার্ষিক খাজনা ধার্য্যমত সন সন সরকার বাহাদুর সেরেস্থায় আদায় দিতে হয়।

-ঃ উহার চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ আর এস দাগ নং ৪৩৯ এর অংশ;
দক্ষিণে ঃ আর এস দাগ নং ৪৩৫ এর অংশ;
পূর্ব্বে ঃ আর এস দাগ নং ৪৩৭ এবং ৪৩৬ এর অংশ,
পশ্চিমে ঃ আর এস দাগ নং ৪৩৪ এর অংশ;

ই সা দী ঃ-

১) Palen Mitya
Lt - Rabi Deb Mitya [illegible] Plot
Gopal math [illegible]
D.G-17, Bardwan

২) Dipen Paul
Late Dayamoy Paul
Gopalmath (J.B. [illegible])
DGP-17

(কোবালা দাতার স্বাক্ষর)

মুসাবিদাকারক ঃ-
Nitai ch. Saha
Regd. no. F-405/[illegible]
নিতাই চন্দ্র সাহা,
এ্যাডভোকেট
আলিপুর জাজেস কোর্ট।

Scanned with CamScanner

<u>টাকার জায়</u>

অদ্য ইং ১২-০৯-২০১৩ তারিখে আমি অত্র কোবালা দাতা অত্র গ্রহীতার নিকট হইতে ৮৭,৮৮০্ টাকা নগদে বুঝিয়া পাইয়াছি। - ৮৭,৮৮০্ টাকা

মবলগে সাতাশি হাজার আট শত আশি টাকা মাত্র বুঝিয়া পাইলাম।

ইসাদী ঃ-

১।

২।

(কোবালা দাতার স্বাক্ষর)




| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name TIMES VANIJYA Pvt. Ltd SANDEEP SAHU

Signature

Director



| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name Pintu midya

Signature Pintu midya

PHOTO

| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..........

Signature ..........

PHOTO

| | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..........

Signature ..........

Scanned with CamScanner

**Government Of West Bengal**
**Office Of the D.S.R. - I BURDWAN**
**District:-Burdwan**

**Endorsement For Deed Number : I - 04487 of 2013**
**(Serial No. 04062 of 2013 and Query No. 0201L000007709 of 2013)**

**On 12/09/2013**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 1315.00/-, on 12/09/2013

( Under Article : A(1) = 1276/- ,E = 7/- ,H = 28/- ,M(b) = 4/- on 12/09/2013 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-1,17,000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 7030 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 1000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 6030/- is paid , by the Bankers cheque number 730532, Bankers Cheque Date 12/09/2013, Bank : State Bank of India, BURDWAN, received on 12/09/2013

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13.02 hrs on :12/09/2013, at the Office of the D.S.R. - I BURDWAN by Pintu Midya ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 12/09/2013 by

1. Pintu Midya, son of Late Swapan Midya , Gopalmath, Sujaraplot, Durgapur-17, Thana:-Durgapur, P.O. :-Durgapur, District:-Burdwan, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : Service

Identified By Paban Midya, son of Late Rabi Deb Midya, Gopalmath, Durgapur-17, Thana:-Durgapur, District:-Burdwan, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Others.

( Tridip Misra )
DISTRICT SUB-REGISTRAR-I

( Tridip Misra )
**DISTRICT SUB-REGISTRAR-I**



**12/09/2013 13:32:00**

Scanned with CamScanner

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R. - I BURDWAN, District- Burdwan
Signature / LTI Sheet of Serial No. 04062 / 2013, Deed No. (Book - I , 04487/2013)

I. Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Pintu Midya<br>Gopalmath, Sujaraplot, Durgapur-17, Thana:-Durgapur, P.O. :-Durgapur, District:-Burdwan, WEST BENGAL, India, | <br>12/09/2013 | <br>LTI<br>12/09/2013 | Pintu Midya<br>12/09/13 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Pintu Midya<br>Address -Gopalmath, Sujaraplot, Durgapur-17, Thana:-Durgapur, P.O. :-Durgapur, District:-Burdwan, WEST BENGAL, India, | Self | <br>12/09/2013 | <br>LTI<br>12/09/2013 | Pintu Midya |

**Name of Identifier of above Person(s)**
Paban Midya
Gopalmath, Durgapur-17, Thana:-Durgapur,
District:-Burdwan, WEST BENGAL, India,

**Signature of Identifier with Date**
Paban Midya
12/9/13

Seal of the Dist. Sub-Registrar of Burdwan

(Tridip Misra)
**DISTRICT SUB-REGISTRAR-I**
**Office of the D.S.R. - I BURDWAN**

 **12/09/2013**

Scanned with CamScanner

**Certificate of Registration under section 60 and Rule 69.**

Registered in Book - I
CD Volume number 16
Page from 111 to 124
being No 04487 for the year 2013.

Seal of the District Sub-Registrar, I of Burdwan, District Burdwan

(Tridip Misra) 12-September-2013
DISTRICT SUB-REGISTRAR-I
Office of the D.S.R. - I BURDWAN
West Bengal

Scanned with CamScanner

বাংলা ১৪২০ বঙ্গাব্দের ......... ভাদ্র
ইংরাজী ২০১৩ খ্রীষ্টাব্দের......... সেপ্টেম্বর

কোবালা গ্রহীতা ঃ-
"টাইমস্ বানিজ্য প্রাইভেট লিমিটেড পক্ষে
মিঃ সন্দিপ সাহু

কোবালা দাতা ঃ-
শ্রী পিন্টু মিদ্যা

# সাফ বিক্রয় কোবালা দলিল

Seal of the Dist. Sub-Registrar

District Sub-Registrar-I
BURDWAN

12 SEP 2013

মুসাবিদাকারক ঃ-
নিতাই চন্দ্র সাহা
এ্যাডভোকেট
আলিপুর জজ কোর্ট
কলিকাতা - ৭০০০২৭

F. RNS/TIMES VANI/Times Vanizya Times Vanizya Pintu Sale Deed Sale Deed 6

Scanned with CamScanner